



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে দর্শন বিভাগের আয়োজনে সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৯ ডিসেম্বর ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের আয়োজনে “মুক্তিযুদ্ধের দর্শন: অন্তর্ভুক্তিমূলক সমাজ” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১১:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে সেমিনারটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ও কলামিস্ট অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল। প্রধান অতিথির বক্তব্যে ড. মুহম্মদ জাফর ইকবাল বলেন, অন্তর্ভুক্তিমূলক সমাজের সবচেয়ে বড় উদাহরণ হচ্ছে বাংলাদেশের মুক্তিযুদ্ধ। মুক্তিযুদ্ধে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক থেকে শুরু করে একজন কুলি পর্যন্ত সকলের অংশগ্রহণ ছিলো। এর থেকে অন্তর্ভুক্তিমূলক ঘটনা আর হয় না। একইসাথে বাংলাদেশের মুক্তিযুদ্ধ হচ্ছে আত্মত্যাগ, বীরত্ব ও অর্জনের সবচেয়ে বড় উদাহরণ। এসময় তিনি আরো বলেন, এদেশকে স্বাধীন করার জন্য যাঁরা অকাতরে রক্ত ঝড়িয়েছেন তাঁদের রক্তের ঋণ কোনদিনও শোধ করা সম্ভব নয়। তবুও সে চেষ্টা আমাদের করতে হবে। দেশের জন্য আবেগ কাজ করতে হবে এবং দেশকে ভালোবাসতে হবে। দেশকে সামনের দিকে এগিয়ে নিতে যারযার অবস্থান থেকে কাজ করতে হবে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয় কিশোরগঞ্জের উপ-উপাচার্য অধ্যাপক মো. নূরুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন মোহাম্মদ তানভীর কায়ছার। স্বাগত বক্তব্য রাখেন দর্শন বিভাগের চেয়ারম্যান শাহানা জ পারভীন রিমি। সেমিনারে জীববিজ্ঞান অনুষদের ডিন ড. সুব্রত কুমার দাস, শিক্ষক সমিতির নব-নির্বাচিত সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রভোস্ট, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়